# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date: 22.03.24 Time: 7.35 A.M.**

বিশেষ বিশেষ খবর

১) আবগারি নীতি কেলেঙ্কারি মামলায় দিল্লির মুখ্যমন্ত্রী অরবিন্দ কেজরিওয়ালকে ইডির গ্রেফতারের সমালোচনায় সরব হয়েছেন বিরোধীরা।

২) লোকসভা নির্বাচনে কংগ্রেস ও আই এস এফ ৮ জনের প্রার্থী তালিকা প্রকাশ করেছে।

৩) কম্পালসারি ওয়েটিং-এ থাকা আই পি এস অফিসার দেবাশিষ ধর ইস্তফা দিয়েছেন।

৪) গার্ডেনরিচে বে-আইনীভাবে নির্মীয়মাণ বহুতল ভেঙে পড়ার পাঁচদিনের মাথায় ধ্বংসস্তুপ থেকে আরও একটি দেহ উদ্ধার হয়েছে।

ooooooooooooooo

আবগারি নীতি কেলেঙ্কারি মামলায় দিল্লির মুখ্যমন্ত্রী, আম-আদমী পার্টির নেতা  অরবিন্দ কেজরিওয়াল ইডির হাতে গ্রেফতার হওয়ার পরই, তৃণমূল কংগ্রেস নেত্রী মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীকে ইঙ্গিত করে বিজেপি-র রাজ্য সভাপতি সুকান্ত মজুমদারের মন্তব্যে রাজনৈতিক চাপানউতোর শুরু হয়েছে। শ্রী মজুমদার বলেছেন, এরপরই বাংলার পালা।

(বাইট)

জবাবে তৃণমূল কংগ্রেস নেতা কুনাল ঘোষ বলেছেন, কেন্দ্রীয় এজেন্সিগুলিকে যে বিজেপি-ই চালাচ্ছে, এই সব মন্তব্য তারই প্রমাণ।

(বাইট)

তৃণমূল কংগ্রেসের রাজ্যসভার সাংসদ ডেরেক ও'ব্রায়ন সোশ্যাল মিডিয়া পোস্টে বলেছেন, ভোটের আগে যদি এভাবে মুখ্যমন্ত্রীদের গ্রেফতার করা হয়, তাহলে কিভাবে নিরপেক্ষ ভোট সম্ভব ? সুপ্রিম কোর্ট এবং নির্বাচন কমিশনকে অবিলম্বে পদক্ষেপ করার আবেদন জানিয়েছেন তিনি।

প্রদেশ কংগ্রেস সভাপতি অধীররঞ্জন চৌধুরী বলেছেন,  নির্বাচনের আগে কেজরিওয়ালকে গ্রেফতার, বিরোধীদের দুর্বল করার চেষ্টা।

oooooooooooooooo

রাজ্য সরকার, আসন্ন লোকসভা নির্বাচনে কেন্দ্রীয় বাহিনীর সমন্বয়কারী হিসেবে কলকাতার অতিরিক্ত পুলিশ কমিশনার মুরলী ধর শর্মাকে নিযুক্ত করেছে। শ্রী শর্মা, উত্তরবঙ্গের আইজি রাজেশ কুমার যাদবের স্থলাভিসিক্ত হলেন।

ooooooooooooooo

পশ্চিমবঙ্গের চার জেলার নন-ক্যাডার জেলা শাসকদের সরিয়ে দিয়েছে নির্বাচন কমিশন। জেলাগুলি হল পূর্ব মেদিনীপুর, পূর্ব বর্ধমান, ঝাড়গ্রাম ও বীরভূম। আইএএস ও আইপিএস নন এমন জেলাশাসক এবং পুলিশ সুপারদের পশ্চিমবঙ্গ ছাড়াও সরানো হয়েছে গুজরাট, পাঞ্জাব এবং ওড়িশায়। মুখ্য নির্বাচন কমিশনার রাজীব কুমারের সঙ্গে নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমার এবং সুখবীর সিং সান্ধুর বৈঠকের পর এই বদলির সিদ্ধান্ত নেওয়া হয়।

প্রদেশ কংগ্রেস সভাপতি অধীর রঞ্জন চৌধুরী, রাজ্যের চার জেলাশাসককের বদলির নির্দেশকে স্বাগত জানিয়েছেন। নির্বাচন কমিশনকে আরও সক্রিয় ও কঠোর হওয়ার আবেদনও জানিয়েছেন তিনি।

(বাইট – অধীর)

ooooooooooooooo

রাজ্যের ৮ টি লোকসভা আসনে কংগ্রেস প্রার্থীদের নাম ঘোষণা করা হয়েছে। বহরমপুরে প্রত্যাশামতোই লড়ছেন প্রদেশ কংগ্রেস সভাপতি, বিদায়ী সাংসদ অধীর চৌধুরী এবং জঙ্গীপুরে মোর্তজা হোসেন। মুর্শিদাবাদ কেন্দ্রটি ফাঁকা রেখেছে কংগ্রেস। কোলকাতা উত্তরে প্রার্থী হয়েছেন প্রদীপ ভট্টাচার্য।

রায়গঞ্জে আলি ইমরান রামজ, মালদা উত্তরে মুস্তাক আলম, মালদা দক্ষিণে ইশা খান চৌধুরী, পুরুলিয়ায় নেপাল মাহাতো ও বীরভূমে মিল্টন রশিদকে প্রার্থী করেছে কংগ্রেস।

ইন্ডিয়ান সেকুলার ফ্রন্ট - আইএসএফও আটজনের প্রথম প্রার্থী তালিকা প্রকাশ করেছে।

মুর্শিদাবাদ লোকসভা কেন্দ্রে প্রার্থী হয়েছেন হাবিব শেখ। বসিরহাটে দাঁড়াচ্ছেন মহম্মদ শহিদুল ইসলাম মোল্লা। মালদা উত্তরে মহঃ সোহেল, বারাসতে তাপস ব্যানার্জী, শ্রীরামপুরে শাহরিয়ার মল্লিক, জয়নগরে মেঘনাথ হালদার, মথুরাপুরে অধ্যাপক অজয় কুমার দাস এবং ঝাড়গ্রাম কেন্দ্রে অধ্যাপক বাপি সরেনকে প্রার্থী করা হয়েছে।

ooooooooooooooo

লোকসভা ভোটের প্রথম দফার জন্য মনোনয়ন দাখিল পর্ব শুরু হয়ে গেছে। প্রচারও শুরু হয়েছে জোর কদমে। বিভিন্ন রাজনৈতিক দলের প্রার্থীরা শুরু থেকেই ময়দানে নেমে গা ঘামাতে শুরু করেছেন। যুযুধান রাজনৈতিক শিবিরের তারকা প্রচারকরাও নিজেদের প্রার্থীদের হয়ে সভা সমাবেশ শুরু করে দিয়েছেন। ময়নাগুড়ি, নারায়ণগড়, গঙ্গারামপুর, বসিরহাটের পর এ বার লোকসভা ভোটের প্রচারে তৃণমূল কংগ্রেসের সাধারণ সম্পাদক অভিষেক ব্যানার্জী আজ পূর্ব বর্ধমানের কাটোয়ায় দলীয় প্রার্থীর সমর্থনে জনসভা করবেন। বিজেপির রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার আজ নিজের কেন্দ্র বালুরঘাটে একাধিক সভা এবং রাজনৈতিক কর্মসূচিতে অংশ নিচ্ছেন।

এদিকে কংগ্রেস ও আইএসফের সঙ্গে আসন নিয়ে বোঝাপড়ার পর্ব চলাকালীন রাজ্য বামফ্রন্ট আজ বৈঠকে বসছে।

oooooooooooooooo

তৃণমূল কংগ্রেসের পশ্চিম বর্ধমান জেলা সভাপতি, বিধায়ক নরেন্দ্র নাথ চক্রবর্তীর বিরুদ্ধে কুলটি থানার দিশেরগড় মাজারে টাকা বিলির ভাইরাল ভিডিওকে ঘিরে বিতর্কের সৃষ্টি হয়েছে। আদর্শ আচরন বিধি ভঙ্গের অভিযোগ উঠেছে তাঁর বিরুদ্ধে। বিজেপির তরফে জেলা নির্বাচনী

আধিকারিকের কাছে অভিযোগ করা হয়েছে বলে জানিয়েছেন দলের কুলটি ব্লক সহসভাপতি টিঙ্কু ভার্মা।

শাসক দল অবশ্য নির্বাচনী বিধি ভঙ্গের অভিযোগ মানতে নারাজ। দলের নেতা শুভাশিস মুখোপাধ্যায়ের দাবি, মন্দির, মসজিদ, মাজার, গুরুদোয়ারা বা গির্জা কোনো নির্বাচন অপেক্ষা করেনা। সেখানে অনেক দরিদ্র মানুষ থাকেন। জেলাসভাপতি কুলটির মাজারে চাদর চড়াতে গিয়েছিলেন, বেরিয়ে আসার সময় দরিদ্র মানুষদের টাকা দেওয়া হয়।

oooooooooooooooo

কম্পালসরি ওয়েটিং-এ থাকা আইপিএস আধিকারিক দেবাশিষ ধর পদত্যাগ করেছেন। মুখ্যসচিব ভগবতী প্রসাদ গোপালিকার কাছে গতকাল তিনি ইস্তফাপত্র পাঠিয়ে দিয়েছেন বলে নবান্ন সূত্রে জানা গিয়েছে। ব্যাক্তিগত কারনেই তিনি পদত্যাগ করছেন বলে তিনি আবেদনে জানিয়েছেন।

উল্লেখ্য, গত বিধানসভা নির্বাচনে কোচবিহারের শীতলকুচিতে ভোট চলাকালীন দুষ্কৃতীদের গুলিতে বুথের সামনে লাইনে দাঁড়ানো এক তরুণ ও কেন্দ্রীয় বাহিনীর গুলিতে চারজনের মৃত্যুর হয়। সেই সময় দেবাশীষ বাবু জেলা পুলিশ সুপার ছিলেন। তাঁকে কম্পালসারি ওয়েটিং-এ পাঠানো হয়। এরপরই আয়ের সঙ্গে সঙ্গতিহীন সম্পত্তির অভিযোগে দেবাশিষ ধরের বিরুদ্ধে তদন্তে নামে ইডি।

ooooooooooooooooo

গার্ডেনরিচে বে-আইনী নির্মাণ ভেঙে পড়ার পাঁচ দিনের মাথায় ধ্বংসস্তুপ থেকে উদ্ধার হলো আরও একটি দেহ। বিশেষ ক্যামেরা, স্ক্যানার, স্নিফার ডগের সাহায্যে দিনরাত চেষ্টা চালিয়ে এন ডি আর এফ-এর দল

আব্দুল রউফ নিজামি নামে ওই ব্যক্তির দেহ কংক্রিটের চাঙড়ের নীচ থেকে বের করে আনতে সক্ষম হয়। এই নিয়ে বহুতল ভেঙে পড়ার ঘটনায় মৃতের সংখ্যা বেড়ে হলো ১১।

এদিকে, কলকাতা হাইকোর্টের প্রধান বিচারপতির ডিভিশন বেঞ্চ গার্ডেনরিচের ঘটনায় রাজ্য সরকারের কাছে রিপোর্ট তলব করেছে। বেআইনি নির্মাণ নিয়ে বিজেপি নেতা রাকেশ সিং হাইকোর্টে যে জনস্বার্থে মামলা করেছিলেন, তার শুনানিতে বিচারপতি টি এস শিবজ্ঞানম এবং বিচারপতি হিরণ্ময় ভট্টাচার্যের ডিভিশন বেঞ্চ নির্দেশ দিয়েছেন, ওই বহুতল ভেঙে পড়ার ঘটনায় রাজ্য সরকার কী সিদ্ধান্ত ও পুনর্বাসন নিয়ে কী কী পদক্ষেপ নিয়েছে হলফনামা আকারে তা জানাতে হবে। চৌঠা এপ্রিল মামলার পরবর্তী শুনানি।

বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী অভিযোগ, কলকাতায় মেয়র সহ তৃণমূল কংগ্রেস কাউন্সিলারদের একটা বড় অংশ, পুলিশ ও প্রমোটারের যোগ সাজসে জলাভূমি বুজিয়ে বে-আইনী নির্মাণ চলছে।

অন্যদিকে, গার্ডেন রিচ এলাকাতেই দুটি বহুতলের মাঝখানের এক চিলতে জায়গায় গজিয়ে ওঠা পাঁচতলা বাড়ির যে ছবি সোশ্যাল মিডিয়ায় ভাইরাল হয়েছে, পুর ও নগরোন্নয়নমন্ত্রী তথা মেয়র ফিরহাদ হাকিম সেব্যাপারে কোন মন্তব্য করতে অস্বীকার করেছেন। সাংবাদিকদের প্রশ্নের মুখে তিনি বলেন, বিষয়টি তাঁর জানা নেই।

oooooooooooooooooo

পশ্চিম বর্ধমানের রানীগঞ্জে ইসিএল এর কুনুস্তোরিয়া এলাকার নারায়ণকুড়ি খোলা মুখ খনিতে গতকাল দুপুরে ব্লাস্টিংয়ের জেরে কেঁপে ওঠে মাঝপাড়ার বাড়ি ঘর। ক্ষতিগ্রস্ত হয় বেশ কিছু ঘরবাড়ি, ক্লাব। ক্ষোভে ফেটে পড়েন গ্রামবাসীরা। ইসিএলের ওই খোলা মুখ খনির কার্যালয়ে তাঁরা ভাঙচুর

চালান। গাড়িও ভাঙচুর করা হয়। পরিস্থিতি সামাল দিতে ঘটনাস্থলে যায় পুলিশ ও ইসিএলের নিরাপত্তা বাহিনী। গ্রামবাসীদের বক্তব্য, এভাবে বিস্ফোরণ ঘটানো হলে তাঁরা খনি চালাতে দেবেন না। খনি কর্তৃপক্ষকে আগেও বারবার বলা হয়েছে। কিন্ত কোনো লাভ হয়নি। ব্লাসটিংয়ের ফলে ঘর বাড়িতে ফাটল দেখা দিয়েছে। ভাঙচুর, বিক্ষোভের পর গোটা এলাকা থমথমে। বন্ধ রয়েছে কয়লা উত্তোলনের কাজ।

০০০০০০০০০০০০০০০০

পূর্ব বর্ধমানের কেতুগ্রামের সুলতানপুরে নাবালিকা পরিচারিকাকে ধর্ষন করে খুনের অভিযোগে গৃহকর্ত্রী ও তার কলেজ পড়ুয়া ছেলেকে পুলিশ গ্রেপ্তার করেছে। ধৃত রুবিনা সুলতানা ও জুয়েল শেখকে গতকাল কাটোয়ার পকসো আদালতে তোলা হলে ৬ দিনের পুলিশ হেপাজতের নির্দেশ দেওয়া হয়।

আমাদের সংবাদদাতা তনুশ্রী বন্দ্যোপাধ্যায় জানিয়েছেন, রুবিনার বাড়িতে সকাল থেকে বিকেল পর্যন্ত কাজ করত কেতুগ্রামের রাইখাঁ গ্রামের বছর দশেকের মেয়েটি। কাজ শেষে বিকেলে বাড়ি ফিরে যেত। সোমবার সে বাড়ি না ফেরায় তার মা খোঁজাখুঁজি শুরু করেন। বুধবার রাতে রুবিনা বিবির বাড়ির তিনতলার চিলেকোঠার ঘর থেকে নাবালিকার দেহ উদ্ধার করেন গ্রামবাসীরা। তাঁদের অভিযোগ, যৌন নির্যাতনের পর নাবালিকাকে খুন করা হয়েছে। মৃতার মায়ের অভিযোগের ভিত্তিতে পকসো আইনের ধারায় পুলিশ গ্রেপ্তার করে রুবিনা ও তার ছেলেকে।

০০০০০০০০০০০০০০

কলকাতা পুলিশের এসটিএফ নারকেলডাঙ্গা থানা এলাকার মহারানী স্বর্নময়ী রোড থেকে এক কুখ্যাত জালনোট পাচারকারীকে গ্রেপ্তার করেছে।

তার কাছ থেকে উদ্ধার হয়েছে তিন লক্ষ টাকার জাল নোট। এনামূল শেখ নামে ঐ পাচারকারী মালদার বৈষ্ণব নগরের বাসিন্দা। আজ তাকে ব্যাঙ্কশাল আদালতে তোলা হবে।

এসটিএফ সূত্রে জানা গেছে, সবকটি জাল নোট পাঁচশো টাকার এবং খুবই উন্নত মানের।

ooooooooooooooo

ooooooooooooooo